**SET – 4**

**Series : SSO/1**

**Code No. 5/1**

**Roll No.** | | | | | | | |

Candidates must write the code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **7** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the serial number of the question before attempting it.**
- 15 Minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the student will read the question paper only and will not write any answer on the answer script during this period.

# বাংলা
# BENGALI

সময় : 3 ঘন্টা | সর্বমোট অঙ্ক : *100*

*Time allowed : 3 Hours* | *Maximum Marks : 100*

**SECTION – A (Reading Comprehension)**

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির জবাব দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

শুনেছি, ঠাকুরমার বয়স কুড়ি না পেরোতেই আমার ঠাকুরদা মারা যান । মাত্র পঁয়ত্রিশ বছর বয়সে । সেও প্রায় পঞ্চাশ বছর আগের ঘটনা । আমার বাবা ঠাকুরমার সবচেয়ে ছোট সন্তান । ভিন্ন শহরে ঠাকুরমার আরো এক পুত্র ও এক কন্যা থাকা সত্ত্বেও আমাদের বাড়িতেই বরাবর থাকতে দেখেছি ঠাকুরমাকে । জেঠুদের বাড়িতে বছরে বড়জোর দু-একদিনের জন্যে একবার বেড়াতে যান । আর তাঁর যে একমাত্র কন্যা তার কাছে কখনো যেতে দেখিনি, যদিও বুলুপিসি ছেলেপিলে নিয়ে মাঝে মাঝে এসে বৃদ্ধা মাকে দেখে যেতো আমাদের বাসায় ।

এ বাড়িতে ঠাকুমার অবস্থানের অন্যতম প্রধান কারণ বা আকর্ষণ বোধ হয় তার বড় নাতি দুলাল । ঠাকুমার কাছে পৃথিবীর যাবতীয় সামগ্রীসহ তার সমস্ত নাতিনাতিনী একদিকে, আর অন্যদিকে কেবল এই একটি মানুষ, দুলাল, আমার পিঠাপিঠি ভাই । আমাদের পরিবারে এই প্রজন্মের প্রথম পুত্রসন্তান বলে দুলালের প্রতি এক বিশেষ ও গভীর মানসিক টান রয়েছে ঠাকুমার, যদিও দুলাল সেটিকে খুব বড় করে দেখে বলে মনে হয় না । বরং এ ধরনের বাড়াবাড়িতে সে খানিকটা বিরক্তই । খুব কম সময়েই দুলালকে ঘরে পাওয়া যায় । সারাক্ষণ বাইরে বাইরে বন্ধুবান্ধবদের সঙ্গে সে আড্ডায় মেতে থাকতেই ভালোবাসে । তা সত্ত্বেও তার বিকেলের জলখাবারের জন্য প্রত্যেকদিন নিজের হাতে নিত্য নতুন ভালোটা মন্দটা তৈরি করতে দেখা যায় ঠাকুমাকে। শুধু কি তাই ? বাড়িতে ফল মিষ্টি যা-ই আসুক না কেন তার সবচেয়ে ভালোটা ঠাকুমা দুলালের জন্য সরিয়ে রাখবেনই । মায়ের সঙ্গে এ নিয়ে কম কথা কাটাকাটি হয় নি ঠাকুমার ।

(a) বক্তার ঠাকুরদা কত বছর বয়েসে মারা যান ?

(b) ঠাকুমা বেশির ভাগ সময় কোথায় থাকতেন ?

(c) 'ঠাকুমা' দুলালকে কেন অতিরিক্ত আদর দিতেন ?

(d) দুলালের প্রতি ঠাকুমার অতিরিক্ত আদর কীভাবে প্রকাশ পেত?

(e) 'শুনেছি ঠাকুমার বয়স কুড়ি না পেরোতেই আমার ঠাকুরদা মারা যান' – এর সাধুরূপ কী হবে ?

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1+1+1+1+1 = 5**

বুদ্ধ পূর্ণিমাকে কেন্দ্র করে প্রতি বছর এই শহরে একটি উৎসব হয় । সেই উৎসবের প্রধান অঙ্গ নাচ-গান । শহরের ছেলে মেয়েদের মধ্যেই কেউ গান গায়, কেউ আবৃত্তি করে, কেউ সেতার বা এস্রাজ বাজায়। দেখা যায় যে রবীন্দ্রনাথের ছোট গানও কারও মুখস্থ নেই । হার্মোনিয়ামের উপর 'গীতবিতান' রেখে গান করেন গায়ক-গায়িকারা। আবৃত্তি প্রায়ই নির্ভুল হয় না। হাফ প্যান্ট পরা বুশ-শার্ট-গায়ে বাঙালী ছেলেরা বুদ্ধ-বন্দনা করেন ভুল বাংলা উচ্চারণ করে । কিন্তু তাঁরা এটার নাম দিয়েছেন সাংস্কৃতিক অনুষ্ঠান । সুতরাং একজন সাহিত্যিক সভাপতি চাই । কোনও সিনেমা-ষ্টারের নাগাল পাওয়া সম্ভব নয় এদের পক্ষে ।

সাহিত্যিকের নাগাল পাওয়াও শক্ত । কেউ আসতে চান না – মফস্বলের এই শহরে বৈশাখের প্রচণ্ড গরমে । আমাকে নিয়েই টানাটানি করেন এঁরা প্রতিবার । সেবার কিন্তু আমি নিস্তার পেয়ে গেলাম । আমার মাষ্টারমশাই সেবার এসেছিলেন আমার কাছে । তিনি ইতিহাসের একজন প্রকান্ড পন্ডিত । তাঁকেই অনুরোধ করলাম সভাপতিত্ব করতে । তিনি প্রথমে রাজি হতে চান নি । বললেন আমি তো ওসব করিনি কোনদিন । পারব কি ? তাছাড়া ......। আমার আগ্রহাতিশয্যে রাজি হলেন তিনি শেষ পর্যন্ত ।

(a) কোন্ উৎসব ঐ শহরে প্রতি বছর উদ্‌যাপিত হয় ?

(b) কীভাবে সেই উৎসব পালিত হয় ?

(c) সেই উৎসবের নাম কী ?

(d) সেই উৎসবে সাধারণত কে সভাপতি হন ?

(e) 'আগ্রহাতিশয্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে কী হবে ?

## SECTION – B (Grammar)

3. ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন **একটির** দু'টি উদাহরণসহ সংজ্ঞা লেখ : **2 + 3 = 5**

(a) অভিশ্রুতি

(b) স্বরসঙ্গতি

(c) অপিনিহিতি

4. যে কোন **একটি** অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ : **1 × 5 = 5**

(a) যমক

(b) উপমা

(c) শ্লেষ

**অথবা**

অলঙ্কার নির্ণয় কর এবং সেই অলঙ্কারটির সংজ্ঞা লেখ :

(a) গগনে গরজে মেঘ ঘন বরষা ।

(b) হৃদয় আমার নাচেরে আজিকে ময়ূরের মত নাচে রে ।

(c) ভারত ভারতখ্যাত আপনার গুণে ।

5. যে কোন **চারটি** বাগ্‌ধারা /প্রবাদের অর্থ লেখ এবং **একটি** করে বাক্য রচনা কর : **2 × 4 = 8**

দশের লাঠি, একের বোঝা; ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে; বেনা বনে মুক্তো ছড়ানো; যার ধন তার ধন নয়, নেপোয় মারে দই; ওজন বুঝে চলা; খাল কেটে কুমির আনা; ডুবে ডুবে জল খাওয়া; ছড়ি ঘোরানো ।

## SECTION – C (Composition & Writing)

6. নিচের যে কোন **একটি** বিষয় সম্বন্ধে 100 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর : **5**

(a) পণপ্রথা

(b) একটি প্রাকৃতিক দুর্যোগ

(c) তোমার স্কুলের ফুটবল ম্যাচ

7. নিচে সংবাদপত্রে প্রকাশিত **একটি** প্রতিবেদন তুলে দেওয়া হ'ল । প্রতিবেদনটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **2 + 2 + 2 = 6**

সম্প্রতি ভারতবর্ষের রাজধানীতে একটা নারীপাচার চক্রের ঘাঁটি আবিষ্কার করেছে পুলিশ । উত্তর পূর্ব ভারতে প্রত্যন্ত এলাকা থেকে কিশোরী এবং অল্প বয়সী যুবতীদের রাজধানীর বিশেষ কারখানায় বেশি বেতনের কাজ দেওয়া হবে বলে ছলছাতুরী করে তাদের নিয়ে আসা হয় । কয়েক মাস সেই মেয়েরা তাদের বাড়িতে নিয়মিত টাকা পাঠাতে থাকে বলে ঐ সমস্ত এলাকার দরিদ্র লোকেরা তাদের বাড়ির মেয়েদেরও দিল্লীর কারখানায় কাজ করবার জন্য পাঠাতে আগ্রহী হয় । এইভাবে উত্তর পূর্ব ভারতের পাশাপাশি অবস্থিত তিনটি গ্রামের মোট পঁয়ত্রিশটি কিশোরী এবং যুবতীকে নিয়ে আসা হয় । এক নাগাড়ে মোট ছয় মাস টাকা পাঠাবার পর মেয়েগুলি আর তাদের পরিবারের সঙ্গে যোগাযোগ রাখেনা । পরিবারগুলি অনেক খোঁজখবর চালাতে থাকে এবং ব্যর্থ হয় । উত্তর পূর্বের পুলিশ তখন রাজধানীর কয়েকটি এন.জি.ওর শরণাপন্ন হয় । শেষ পর্যন্ত জানা যায় যে মুম্বাইয়ের একটি নিষিদ্ধ পল্লীতে মেয়েগুলির ঠাঁই হয়েছে । অনেক খাঠখড় পোড়ানোর পর উত্তর পূর্ব ভারতের পুলিশ, দিল্লীর পুলিশ, মুম্বাইয়ের পুলিশ এবং বেশ কিছু এন.জি.ও-র চেষ্টায় পঁয়ত্রিশটি পাচার হয়ে যাওয়া মেয়েদের উদ্ধারকার্য সম্ভব হয়েছে । কিন্তু মেয়েগুলি তাদের নিজের নিজের এলাকায় ফিরে যেতে ইচ্ছুক নয় । তাদের পরিবারগুলোও তাদের ফিরিয়ে নিয়ে যাবার পক্ষে সেরকম আগ্রহ দেখাচ্ছে না । বর্তমানে ঐ মেয়েরা সরকারী 'নারীনিকেতনে' রয়েছে । কিন্তু কী তাদের ভবিষ্যৎ ? কে দেবে সেই উত্তর ?

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও :

(b) দুই বা তিন লাইনের মধ্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর ।

(c) ঘটনাটির সূত্রপাত কীভাবে হয়েছিল ?

8. তোমার স্কুলের দরিদ্র এবং পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের কীভাবে সাহায্য করা যায় এ নিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ । **6**

**অথবা**

স্কুলের সাংস্কৃতিক অনুষ্ঠানে তোমার গাওয়া গানটি কীভাবে প্রশংসিত হয়েছে তা জানিয়ে মাকে একটি চিঠি লেখ ।

## SECTION – D (Literature)

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : **5**

"দেখো আমি চোর বটে, কিন্তু আমি কি সাধ করিয়া চোর হইয়াছি ?"

**অথবা**

আমাদের উৎসবে এই অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা ।

10. "নিন্দুকগুলো খাইতে পায় না বলিয়াই মন্দ কথা বলে ।" **2+2+2+3 = 9**

(a) কার লেখা, কোন্ প্রবন্ধের অন্তর্গত ?

(b) কে, কাকে একথা বলেছে ?

(c) নিন্দুকরা কী বলেছিল ?

(d) এরপর কী হয়েছিল ?

**অথবা**

"বেঁচে গেল হুজুর । বিধবা বেওয়া অবস্থায়, তাতে ছেলেমানুষ, কী খেত, কে ওকে দেখত ?"

(a) কার লেখা, কোন রচনার অন্তর্গত ?

(b) বক্তা কাকে, কখন একথা বলেছেন ?

(c) 'বেঁচে গেল' বলতে বক্তা কী বোঝাতে চাইছেন ?

(d) বক্তার এই উক্তির কারণ সংক্ষেপে লেখ ।

11. “কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই ” **2 + 4 = 6**

(a) কে, কখন বলেছেন ?

(b) তাঁর এই উক্তির কারণ কী ?

**অথবা**

আমাদের প্রত্যেকের কোনো শুভানুষ্ঠানের মধ্যে অলক্ষিতে এই এতগুলি লোকের শুভকামনা কার্য করিত, এবং ইহাতেই আমাদের সামান্য ক্রিয়াকর্মও বৃহৎ উৎসবে পরিণত হইত ।

(a) কোন্ লেখকের কোন্ রচনার অন্তর্গত ?

(b) উক্তিটি সরল ভাষায় বুঝিয়ে লেখ ।

12. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ : **5**

মরীচিকা মরুদেশে, নাশে প্রাণ তৃষাক্লেশে,

এ তিনের ছল সম ছল রে এ কু-আশার।

**অথবা**

এ বয়সে কেউ মাথা নোয়াবার নয় –

আঠারো বছর বয়স জানে না কাঁদা ।

13. “রক্তমাখা অস্ত্র হাতে যত রক্ত আঁখি

শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি।” **1 + 2 + 3 = 6**

(a) কার লেখা, কোন কবিতার অন্তর্গত ?

(b) ‘শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি’ বলতে কী বোঝানো হয়েছে ?

(c) কবি কেন এরকম বলেছেন ?

**অথবা**

‘কিছু পেলে কিছু দিয়ে দিবি,/ তা নইলে পৃথিবী / চলতে চলতে একদিন চলবে না’

(a) কার লেখা, কোন কবিতার অন্তর্গত ?

(b) কবি এখানে কী বলতে চাইছেন ?

(c) তাঁর এরকম উক্তির কারণ কী ?

14. আত্মবিলাপ কবিতার বক্তব্য অতি সংক্ষেপে লেখ । **4**

**অথবা**

'আঠারো বছর বয়স' কবিতাটিতে কবি এই বয়সকে কেন এত গৌরবায়িত করেছেন ?

15. "মড়ার কি জাত থাকে রে ?" **2+3+5=10**

(a) কথাটি কে কাকে বলেছে ?

(b) কোন প্রসঙ্গে কথাটি বলা হয়েছে ?

(c) উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখ ।

**অথবা**

".........কিন্তু সবচেয়ে আশ্চর্য এই যে, বাবু ডাঙায় উঠিয়াই প্রথম কথা কহিলেন, আমার একপাটি পাম্প ?"

(a) কে, কাকে কথাটি বলেছে ?

(b) কোন্ প্রসঙ্গে কথাটি বলা হয়েছে ?

(c) উক্তিটিতে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে ?

16. টীকা লেখ দু'টি : **$5 \times 2 = 10$**

(a) পিয়ারী বাইজী,

(b) নিরুদিদি,

(c) শাহজী,

(d) দত্তবাড়ির 'মেঘনাদ বধ' থিয়েটার,

(e) ছিনাথ বউরূপী

---